**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৮৩-আইন/২০২৬/৩৮/কাস্টমস।—** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৭-আইন/২০২৪/৪৯/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) দফা ২ এর পর নিম্নবর্ণিত নূতন দফা ২ক সন্নিবেশিত হইবে, যথা:-

"২ক। বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে।"; এবং

(খ) দফা ৫ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে "৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।